# Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 16 April, 2025

কুড়িগ্রামের রৌমারীতে ১৭৬ বোতল ভারতীয় মদ উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। মঙ্গলবার (১৫ এপ্রিল) দিবাগত রাত ১২টার দিকে উপজেলার বড়াইবাড়ী এলাকা ও বারবান্দা নামক এলাকা থেকে এসব মাদক উদ্ধার করা হয়।

বুধবার (১৬ এপ্রিল) বিষয়টি নিশ্চিত করেছেন বিজিবির-৩৫ জামালপুর ব্যাটালিয়নের সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত অ্যাডজুটেন্ট) মোহাম্মদ শামছুল হক।

তিনি জানান,  মঙ্গলবার দিবাগত রাত ১২টার দিকে তথ্যের ভিত্তিতে আন্তর্জাতিক সীমানা পিলার ১০৬৭-৪-এস থেকে ২০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে বড়াইবাড়ী সীমান্ত এলাকায় মাদক বিরোধী অভিযান চালায় বড়াইবাড়ী বিওপির বিজিবি সদস্যরা। এ সময় মালিকবিহীন অবস্থায় ৮৮ বোতল ভারতীয় মদ আটক করা হয়।এছাড়া ওই রাতে আন্তর্জাতিক সীমান্ত পিলার ১০৬৬-১-এস থেকে ২০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে বারবান্দা নামক এলাকা থেকে মালিকবিহীন পরিত্যক্ত অবস্থায় ৮৮ বোতল ভারতীয় মদ উদ্ধার করে ইজলামারী বিওপির বিজিবি সদস্যরা বলেও জানান এ কর্মকর্তা।

মদ ভারতীয় মদ উদ্ধার বিজিবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 03:32

URL: https://timestodaybd.com/rangpur/914359616